দৈনিক সংবাদ

তারিখ ... 01 JUN 1997 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ......

# শিক্ষা মন্ত্রণালয়ের কাছে কিন্ডার গার্টেন ও ইংলিশ মিডিয়াম স্কুলগুলোর প্রস্তাব

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল শনিবার বিকেলে তিনটায় প্রেসক্লাব ভিআইপি লাউঞ্জে বাংলাদেশ কিন্ডার গার্টেন এসোসিয়েশনের আয়োজনে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারের বিষয়বস্তু ছিল– 'দেশের শিক্ষাক্ষেত্রে কিন্ডার গার্টেন ও ইংলিশ মিডিয়াম স্কুলের ভূমিকা।' সেমিনারে মূল বক্তব্য পাঠ করেন বাংলাদেশ কিন্ডার গার্টেন এসোসিয়েশনের মহাসচিব শাহজাদা মোহাম্মদ আলী। তিনি তার বক্তব্যে কিন্ডার গার্টেনগুলোর বিভিন্ন অসুবিধা তুলে ধরেন এবং কিন্ডার গার্টেন ও ইংলিশ মিডিয়াম স্কুলগুলোর বিভিন্ন সমস্যা সমাধানে শিক্ষা মন্ত্রণালয়ের বরাবর বারোটি প্রস্তাব পেশ করেন। সেমিনারটির সভাপতি ছিলেন ডঃ আশরাফ সিদ্দিকী। তিনি বলেন, কিন্ডার গার্টেনগুলোর শিক্ষাক্রমে অন্তত ৬০–৭০% পাঠ্যসূচি টেক্সবুকের সাথে মিল রেখে করা উচিত। ইংলিশ মিডিয়াম স্কুলগুলোর ক্ষেত্রে কিছু বলার নেই। কারণ ঐ স্কুলগুলোর সিলেবাস হবে ও লেভেল এবং এ লেভেলের কারিকুলাম উপযোগী। তিনি আরো বলেন, গ্যাস, বিদ্যুৎ ও পানি বিল বাণিজ্যিক হারে পরিশোধ রোহিতকরণের যে প্রস্তাব রাখা হয়েছে আমি তার সঙ্গে সম্পূর্ণ একমত। আর এ সকল প্রতিষ্ঠান অবশ্যই আয়করমুক্ত হওয়া উচিত। আরো বক্তব্য রাখেন জেলা শিক্ষা অফিসার মোঃ মাজহারুল ইসলাম খান, নবীনগর সরকারি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ও সাবেক এনসিটিবি–এর বিশেষজ্ঞ ডঃ মোঃ ফজলুর রহমান প্রমুখ। সেমিনারে মিসেস তাহেরা বেগম, খন্দকার মোঃ জওহের, ডঃ সিরাজুল ইসলাম খান, মিসেস জাহেদা রহমান, মিসেস ইয়াসমীন রাব্বানী, আনোয়ার হোসেন, ইস্কান্দার আলী, মোঃ রবিউল আলম প্রমুখ উপস্থিত ছিলেন।